## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বহু স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, জজ, ম্যাজিষ্ট্রেট ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।

মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

চ্যবনপ্রাশ ৶১ সের (৮০ তোলা) ১০৲

বাতের তৈল প্রতি শিশি ২॥০ টাকা

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন ও কবিরাজ শ্রীআদ্যাপ্রসন্ন গাঙ্গুলী, কবিরঞ্জন

সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৫ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৮ ইংরাজী 30th May. 1951 { ৩য় সংখ্যা



**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

# Notice.

"Wanted a Matric G. T. teacher on a pay of Rs. 40/- per month and a school D. A. of Rs. 3/- per month with the usual Govt. D. A. for the Jangipur H. E. School Primary Department. Preference will be given to an experienced teacher. Applications will be received by the undersigned up to 15. 6. 51.

Muktipada Chatterjee
Secretary,
Jangipur H. E. School.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৫ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৮ সাল।

## "আমার আল্লা কি দোষ ক'রেছিল ?"

যে অপ্রীতিকর কালা আইনের বিরুদ্ধে আমাদের বর্ত্তমান আইন কর্ত্তারা একদিন আন্দোলন চালাইয়াছিলেন, আজ তাঁহারাই কালা আইন চালু করার জন্য ব্যস্ত—এই ব্যাপার দেখিয়া একজন নিরক্ষর মুসলমান দেরাসতুল্লার গল্প মনে পড়ে। সেবারে খুব দুর্ভিক্ষ। টাকায় /৪ সের চাল। দেরাসতুল্লা ৪ দিন কিছু খায়নি। খৃষ্টধর্ম্ম প্রচারক পাদ্রীসাহেব সেদিন চৌরাস্তার মোড়ে যীশুর মাহাত্ম্য বর্ণন করিয়া বক্তৃতা করিতেছেন। বলিতেছেন—"যীশুর ধর্ম্ম অবলম্বন করিলে ইহকাল পরকাল দুই ভাল হইবে।" দেরাসতুল্লা চারদিন উপবাসী, ক্ষুধার যাতনায় তার চক্ষে জল পড়িতেছে। পাদ্রী-সাহেব এ অঞ্চলে স্কুল করিয়াছেন, দাতব্য …ালয় করিয়াছেন, কত গান, কত বক্তৃতা করিয়াও একজন অধিবাসীকেও খৃষ্ট ধর্ম্মে দীক্ষিত করিতে পারেন নাই। তিনি তাঁহার বক্তৃতা ও গান শুনিবার জন্য সমাগত শ্রোতৃবৃন্দের মধ্যে দেরাসতুল্লার চক্ষে অশ্রুপাত হইতে দেখিয়া মনে করিলেন—এ ব্যক্তি নিশ্চয় যীশুর মহিমা কীর্ত্তন শুনিয়া মুগ্ধ হইয়া অশ্রু সংবরণ করিতে পারে নাই। পাদ্রীসাহেব দেরাসতুল্লাকে নিভৃতে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন—তুমি কি যীশুর লীলা শুনিয়া কাঁদিতেছ ?

দেরাস্—হুজুর যীশুর কথা আমাকে খুব ভাল লেগেছে। তাঁর ধর্ম্ম আমার ইহকাল পরকাল ভাল করবে শুনে আমার কেরেস্তান হবার মন হ'য়েছে।

পাদ্রী—তুমি আমার বাংলোতে চল আমি তোমাকে খৃষ্টধর্ম্মে দীক্ষিত করিব।

কয়েকদিন পর শোনা গেল দেরাসতুল্লা মুসল-মান ধর্ম্ম ত্যাগ করিয়া খৃষ্টান হইয়াছে। খৃষ্টান হইয়া তার নাম হইল স্যামুয়েল। সে পাদ্রী সাহেবকে বলিল—হুজুর যীশুর ভজনা করলে আমার ইহকাল পরকাল সুখের হইবে। টাকায় /৪ সের চাল আমি না খেয়ে মরবো হুজুর। আমার মুসলমান আত্মীয়রা তো আমায় আর স্থান দিবে না। আমি এখন কি করবো ?

সাহেব ভাবিলেন—স্যামুয়েল যদি না খেয়ে মরে তবে আর কেহ খৃষ্টধর্ম্মে দীক্ষিত হবে না। তিনি স্যামুয়েলকে নিজের বাংলোতে যে ঘরে তাঁর বাবুরচি ও ঘোড়ার সহিস থাকে, সেই ঘরে থাকিতে আদেশ দিলেন।

পাদ্রী সাহেব রোজ স্যামুয়েলকে সকাল বেলায় ২টী করিয়া টাকা দেন, স্যামুয়েল সাহেবের আবশ্যকীয় দ্রব্যাদি বাজার হইতে কিনিয়া আনে। কোনও দিন ১॥০ টাকার কোনও দিন ১৸০ সিকার জিনিষ আনিয়া ২৲ টাকার হিসাব দেয়।

এইভাবে প্রায় এক বৎসর কাটিয়াছে। তখন বর্ষার আতপ টাকায় এগার সের পাওয়া যাইতেছে। আর দুর্ভিক্ষ নাই। স্যামুয়েলের হাতে তখন একশো কি সওয়াশো পুঁজিও জমিয়াছে। একদিন বাবুরচির জ্বর হওয়ায়, সাহেব স্যামুয়েলকে তাঁর জন্য টেবল্ রাইসের ভাত আর ২টী ডিম সিদ্ধ করতে বল্লেন। স্যামুয়েল নিরাপত্তিতে তাই করলো। একদিন সহিস কোথায় গিয়াছে, ঘোড়ার ঘাস ছিলিয়া আনিবার জন্য খুরপী দেখাইয়া দিয়া পাদ্রী সাহেব স্যামুয়েলকে আদেশ করিলেন। এইদিন স্যামুয়েলের সম্মানে ঘা লাগিল। স্যামুয়েল সাহেবকে বলিলেন—হুজুর বক্তৃতায় বলেন যীশু ভজনা করলে ইহকাল পরকাল ভাল হবে। তা, হুজুর! "যদি ঘোড়ার ঘাসই ছিলবো তো আমার আল্লা কি দোষ করে-ছিল ?" তখন স্যামুয়েলের হাতে নগদ কিছু জমিয়াছে। চাল টাকায় এগারো সের। স্যামুয়েল মস্‌জিদে গিয়া তিনবার তোবা! তোবা! তোবা! বলিয়া খৃষ্টধর্ম্ম ত্যাগ করিয়া আবার মুসলমান হইয়া যে দেরাসতুল্লা সেই দেরাসতুল্লা হইয়া সাহেবের বাংলো ত্যাগ করিয়া জাত ভাইদের সঙ্গে মিলিয়া গিয়াছে।

আমাদের কংগ্রেসী শাসনকর্ত্তাদের কর্ম্মে বীত-শ্রদ্ধ হইয়া অনেক স্যামুয়েলই আবার দেরাসতুল্লা হইয়া স্ব স্ব পন্থা দেখিয়া লইতেছেন। শোনা যাই-তেছে বাক্ বন্ধ, লেখনী বন্ধ করা কালা আইনের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে মামলা আনিবার তোড়জোড় চলিতেছে।

কাজ কি মোদের কথাতে
দাঁড়িয়ে দেখি তফাতে।

## স্বেচ্ছাশ্রমে খাল খনন

১৯৫১ সালের এপ্রিল মাসের ৯ তারিখ ফরাকা থানার ইমামনগর ইউনিয়নের আমতলা গ্রাম হইতে ঐ থানার অর্জ্জুনপুর ইউনিয়নের আঁকুড়া গ্রামের পার্শ্বে বাগমারী নদী পর্য্যন্ত সুদীর্ঘ ৪ মাইল খাল জঙ্গীপুর মহকুমা শাসকের পরিচালনাধীনে ও কৃষি-কর্ম্মচারিগণের সহযোগিতায় স্থানীয় স্বেচ্ছাশ্রমী কর্ম্মিগণ খনন কার্য্য আরম্ভ করেন।

গত ১৫ই মে তারিখ পশ্চিমবঙ্গের সেচ ও দেশ-রক্ষা সচিব মাননীয় শ্রীভূপতিভূষণ মজুমদার সেচ ও পূর্ত্ত বিভাগীয় বাস্তুকারগণ (ইঞ্জিনিয়ার) এবং মহকুমা শাসক ও স্থানীয় নেতৃবৃন্দসহ উক্ত খাল পরিদর্শন করেন।

খালটী উদ্বোধন উপলক্ষে পল্লীবাসিগণ বলিদা-পুকুর গ্রামে এক বিরাট সভায় মাননীয় মন্ত্রী

মহোদয়কে অভিনন্দন জ্ঞাপন করেন। মন্ত্রী মহাশয় তাঁহার ভাষণে দেশের বর্ত্তমান পরিপ্রেক্ষিতে খাদ্য, বস্ত্র, কৃষি এবং পল্লীর বিভিন্ন সমস্যা সম্বন্ধে আলোচনা করেন। স্বেচ্ছাশ্রমের দ্বারা ৪ মাইল দীর্ঘ খাল খনন কার্য্য দেশবাসীর প্রশংসনীয় উদ্যম এবং জাতীয় চেতনার প্রতীক বলিয়া তিনি সন্তোষ প্রকাশ করেন। মহকুমা শাসক এবং কৃষিকর্ম্মচারিগণের পরিচালনায় এই থানায় স্বেচ্ছাশ্রমে আরও ৫টী খাল কাটা সম্ভব হইয়াছে জানিয়া তিনি অধিকতর সন্তোষ প্রকাশ করেন। সভা শেষে তিনি গ্রামবাসিদিগকে লইয়া খালটী উদ্বোধন করেন এবং উহার ভবিষ্যৎ রক্ষণাবেক্ষণের ভার সেচ বিভাগের তরফ হইতে গ্রহণ করিবেন বলিয়া আশ্বাস দেন।

মহকুমা প্রচার আধিকারিক
জঙ্গীপুর।

---

## শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু সুন্দরের শুভ জন্মোৎসব

এই মুর্শিদাবাদ জেলার ডাহাপাড়া ধামে (মুর্শিদাবাদ নবাব প্যালেসের সম্মুখে ভাগীরথীর অপর পারে) অন্যান্য বৎসরের ন্যায় এ বৎসরও গত ৩১শে বৈশাখ (সীতানবমী) হইতে ৭ই জ্যৈষ্ঠ পর্য্যন্ত মহাসমারোহে প্রভুর জন্মোৎসব উপলক্ষে ৫৬ প্রহর ব্যাপী কীর্ত্তন-যজ্ঞ নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়া গিয়াছে। এলাহাবাদ, বেনারস, ঢাকা, ফরিদপুর কলিকাতা প্রভৃতি বহু দূর হইতেও বহু ভক্ত আগমন করিয়া উৎসবের সৌষ্ঠব বর্দ্ধিত করিয়াছিলেন। বিখ্যাত কীর্ত্তনীয়া নন্দকিশোরাদি ৪।৫ দল কীর্ত্তনীয়া মধুর লীলাকীর্ত্তনে ভক্তগণের আনন্দ বর্দ্ধন করেন। ধামস্থ সন্ন্যাসীরা অক্লান্ত পরিশ্রমে সমাগত ভক্ত ও দরিদ্র নারায়ণের সেবা করেন। প্রত্যহ ৪।৫ হাজার ভক্ত ও দরিদ্র নারায়ণ পরমানন্দে মহাপ্রসাদ লাভ করিয়া "জয় জগদ্বন্ধু" ধ্বনিতে আকাশ বাতাস কম্পিত করিয়া ধামকে মুখরিত করিয়া রাখিয়াছিলেন। এই দুর্ব্বৎসরে ভিক্ষান্নে নির্ভর সাধুগণ যে কেমন করিয়া এই মহাকীর্ত্তন যজ্ঞ ও সেবাকার্য্য চালাইয়াছেন তাহা ভাবিলে আশ্চর্য্যান্বিত হইতে হয়। আমরা সাধুগণের এই সাধুকার্য্যের ভূয়সী প্রশংসা করিতেছি।

---

## কাপড়ের অভাব

জঙ্গিপুর মহকুমার সর্ব্বত্র সকল শ্রেণীর নরনারী বস্ত্রাভাবে বিশেষ অসুবিধায় পড়িয়াছে। সামান্য পরিমাণ কাপড় আসিলে মোড়ল মাতব্বরেরাই পাইতেছেন। গরীবদের প্রতি কেহই দৃক্‌পাত করে না।

---

## প্রাপ্ত

একদা কংগ্রেসের বাহিরে থাকা অসঙ্গত মনে করিয়া কংগ্রেসে যোগদান করিয়া গৌরব অনুভব করিয়াছিলাম। এক্ষণে কংগ্রেসের সহিত সকল সম্পর্ক ছিন্ন করিয়াছি।

শ্রীরাধানাথ চৌধুরী, নিমতিতা।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৮ই জুন ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

১১৪ থাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার এষ্টেট সুন্দলপুর দেং পঞ্চানন মুখোপাধ্যায় দাবি ৬৮৬/৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ২-৭৫ শতকের কাত ১১৵৬ আঃ ২৫৲ খং ২০৭

১১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৬৵৩ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ খং ১৬৬

১১৬ থাং ডিঃ ঐ দেং সুষমারাণী দেবী জওজে পঞ্চানন মুখোপাধ্যায় দাবি ৩৫॥৵০ মৌজাদি ঐ ১-৩৩ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ১২০

১১৮ থাং ডিঃ মনোরঞ্জন সেন কমন ম্যানেজার দেং নন্দলাল সাহা দিং দাবি ১৭৩৵৩ থানা সাগরদীঘি মৌজে ঘুগুরীডাঙ্গা ৬-৩৩ শতকের কাত ২৮॥৩ আঃ ১৪২৲ খং ১৭৬

## Notice.

Application for the post of a Medical Officer for the Lalgola Raj Charitable Dispensary in the scale of Rs. 40-4-80/EB-4-100 with usual dearness allowances as sanctioned by the Board will be received by the undersigned up to 18. 6. 51. Candidates may be considered for higher initial salary within the scale.

The selected candidate will have to join on 1st July, 1951 and to remain on probation for one year. On confirmation he will obtain the benefits of District Board Provident Fund.

No T. A. for the interview will be allowed.

Sd/- J. C. Talukdar
District Magistrate,
Administrator,
Murshidabad District Board.

---

(৫ম কলমের জের)

৭৪ থাং ডিঃ তারাপদ রায় দেং পার্ব্বতীসুন্দরী দাসী দিং দাবি ১৯৬/০ থানা সাগরদীঘি মৌজে গোপভূমিহর ২-১৯ শতকের কাত ৪।৵৬ আঃ ১০৲ খং ৯৬৮

৯৩ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং মৃত নগেন্দ্রনাথ ঘোষ ওয়ারিশ পুত্র অনিলকুমার ঘোষ নাঃ দিং দাবি ২১॥/০ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ২-১৯ শতকের কাত ৪।/১০ আঃ ১৫৲ খং ৯৬৮ রায়ত স্থিতিবান

১১২ থাং ডিঃ সেখ আইনুল হক দেং ভোলানাথ মণ্ডল দাবি ২৩৬৶৯ থানা সাগরদীঘি মৌজে খরিকাপুকুর ১৪৩ শতকের কাত ২৬৶০ আঃ ১০৲ খং ৬৯৮ অধীনস্থ খং ৭১৫

১১৩ থাং ডিঃ ঐ দেং রাধানাথ মণ্ডল দাবি ১১৩৷৵৯ থানা ঐ মৌজে উলাডাঙ্গা ৬২৬ শতকের কাত ২৭৵০ আঃ ২০৲ খং ২৯

[ পর

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই জুলাই ১৯৫১

১৯৫০ সালের ডিক্রীজারী

৫৮৯ খাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং আশু মণ্ডল দিং দাবি ৫২৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৫৯ শতকের কাত ১৮৵১১ আঃ ৫৲ খং ৩৬৮

৬৫১ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ইলিয়াস সেখ দিং দাবি ৭৮৵৬ থানা সুতী মৌজে আহিরণ ২-৮১ শতকের কাত ৮৬৶০ আঃ ১৫৲ খং ৭১

৬৬০ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং আবুল কাসেম সেখ দিং দাবি ৩৩/৯ থানা সুতী মৌজে বংশবাটী ১০৫ শতকের কাত ২৷৶০ আঃ ৫৲ খং ১৪৭১

৬৬৭ খাং ডিঃ ঐ দেং কিরীটিভূষণ আচার্য্য দিং দাবি ২২৶০ থানা ঐ মৌজে রাতুরী ৪৯ শতকের সেস ৶০ শিক্ষাসেস ৶১৫ আঃ ৪৲ খং ১৮৬

১৯৫১ সালের ডিক্রীজারী

১৩৩ খাং ডিঃ রাজা রণেন্দ্রনারায়ণ সিংহ দেং শ্রীকুমার রায় দিং দাবি ৩৩৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ১২৪ শতকের কাত ৷/৯ আঃ ২০৲ খং ৩১৩


১৩৪ খাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ডস্ এষ্টেট্ দেং যতীন্দ্রনাথ চট্টোপাধ্যায় দাবি ৩০৬৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ১১-২ শতকের কাত ৷৯ আঃ ১৫৲ খং ৩২৩

৭৩ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কোরেসাননেসা বিবি দাবি ১৫৪৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৫-৬৮ শতকের কাত ২৫/৬ আঃ ১০০৲ খং ১৯৷২০ রায়ত স্থিতিবান

১৫ খাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দেং সত্যনারায়ণ দাস দিং দাবি ৮৬৬৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ি ৬-৭৮ শতকের কাত ৩৩৬/০ আঃ ৪০৲ খং ২৮০ রায়ত স্থিতিবান

৭১ খাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং হরিহর ঘোষাল দিং দাবি ৬২৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-৫০ শতকের কাত নিজাংশে ৮৷৵১১ আঃ ৫০৲ খং ১৬৫ রায়ত স্থিতিবান

---


স্মরবল্লী




যে সব ডাক্তাররা স্মরবল্লী ব্যবস্থা করে দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত